



উলিপুর পৌরসভা কার্যালয়

উলিপুর, কুড়িগ্রাম

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

Tel:- 088-582956143, E-mail Address: ulipurpurashava@gmail.com, web site: www.ulipurmunicipality.gov.bd

স্মারক নং- উঃপৌঃ/প্রঃবিঃ/২০২৩-৯০০

তারিখঃ ১৯.১০.২০২৩খ্রিঃ।

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি (তৃতীয় বার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ পৌর-১ শাখার গত ২১.০৫.২০২৩খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১১.২৩.৭৭০নং স্মারক মূলে প্রাপ্ত ছাড়পত্রের নির্দেশনা এবং পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা-১৯৯২ মোতাবেক উলিপুর পৌরসভায় শূন্য পদে কর্মচারী নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বেতনক্রম (জাতীয় বেতন স্কেল ২০১৫)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	লাইনম্যান	০১ (এক) জন	৯০০০-২১৮০০ (গ্রেড- ১৭)	স্বীকৃত প্রতিষ্ঠান হতে বৈদ্যুতিক সংযোগ কাজে প্রশিক্ষণ কোর্সের সনদপত্র প্রাপ্ত। অবশ্যই বি-শ্রেণীর বৈদ্যুতিক ওয়ার্ক পারমিট থাকতে হবে। নূন্যতম শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাস হতে হবে।

আবেদনের নিয়মাবলী ও শর্তসমূহ :

- প্রার্থীকে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত/কম্পিউটার কম্পোজকৃত দরখাস্ত আগামী ০৬.১১.২০২৩খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে অফিস চলাকালীন সময়ে মেয়র, উলিপুর পৌরসভা, উলিপুর, কুড়িগ্রাম বরাবরে পৌছাতে হবে। সরাসরি কিংবা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- দরখাস্তে স্পষ্ট অক্ষরে ক) প্রার্থীর নাম খ) পিতা/স্বামীর নাম গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা চ) জন্ম তারিখ ছ) শিক্ষাগত যোগ্যতা জ) জাতীয়তা ঝ) ধর্ম ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) ট) মোবাইল/ই-মেইল নাম্বার ড) বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান এবং শারিরিক প্রতিবন্ধী বিষয়ক তথ্য (যদি থাকে) ঢ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নাম্বার ইত্যাদি উল্লেখ করতে হবে।
- আবেদন পত্রের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নিম্নোক্ত কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে। ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্র খ) জাতীয় পরিচয়পত্র (NID) গ) ডিজিটাল জন্ম নিবন্ধন সনদ ঘ) চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত) ঙ) পৌরসভার মেয়র/ইউনিয়ন চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র চ) সম্পত্তি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি ছ) পত্র যোগাযোগের ঠিকানাসহ ডাকটিকিটযুক্ত ফেরত খাম দাখিল করতে হবে।
- আবেদন পত্রের সাথে মেয়র, উলিপুর পৌরসভা, উলিপুর, কুড়িগ্রাম এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরত যোগ্য) দাখিল করতে হবে।
- প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদ/ডিজিটাল জন্ম নিবন্ধন সনদ/ জাতীয় পরিচয়পত্রে (NID) জন্ম তারিখ একই হতে হবে, এবং ঝামের উপর স্পষ্ট অক্ষরে আবেদনকৃত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- প্রার্থীর বয়স ১৯.১০.২০২৩খ্রিঃ তারিখে ১৮ (আঠার) হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের বেলায় বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য হবে না।
- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- একাধিক পদে আবেদনকারী প্রার্থীগণ যে কোন একটি পদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।
- সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। এক্ষেত্রে আবেদনপত্রে কোটা উল্লেখসহ যথাযথ বৈধ সার্টিফিকেট দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুলতথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীগণকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে এবং প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- বিজ্ঞপ্তি উলিপুর পৌরসভার ওয়েবসাইট www.ulipurmunicipality.gov.bd এবং নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণের সময় সকল প্রকার সার্টিফিকেটের মূলকপি অবশ্যই সাথে আনতে হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/হ্রাসিত/বাতিল/পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের ক্ষমতা সংরক্ষণ করেন। এক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


১৯/১০/২৩

(মোঃ মামুন সরকার)

মেয়র

উলিপুর পৌরসভা

উলিপুর, কুড়িগ্রাম।

